রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং ২২৩-আইন/২০২২/১৯৫-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৬৫ এর উপ-বিধি (২) এর দফা (ক) এ উল্লিখিত “অন্যূন অর্ধেক এবং অনূর্ধ্ব পরিমাণ” শব্দগুলির পরিবর্তে “অন্যূন অর্ধেক এবং অনূর্ধ্ব সমপরিমাণ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) ফরম মূসক-৪.৩ এর শেষাংশে উল্লিখিত “বিশেষ দ্রষ্টব্য” এর ক্রমিক-৩ এর পর নিম্নরূপ ক্রমিক-৪ সংযোজিত হইবে, যথা:—

“৪। নিবন্ধিত ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের ক্ষেত্রে কলাম (১০) এ “সর্বমোট মূল্য সংযোজনের পরিমাণ” শব্দগুলি উল্লেখপূর্বক কলাম (১১) এ সর্বমোট মূল্য একটি সংখ্যায় উল্লেখ করা যাইবে। অর্থাৎ, এক্ষেত্রে মূল্য সংযোজনের খাত পৃথকভাবে উল্লেখ করিতে হইবে না।”; এবং


**মূল্য :** টাকা ১৬.০০

(৩) ফরম মূসক-৯.১ এর মূসক দাখিলপত্র পূরণের নির্দেশিকা এর ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতির অংশ-৭: নীট কর হিসাব এর ক্রমিক নং/নোট ৩৮ ও ৩৯ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং/নোট ৩৮ ও ৩৯ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"

| | | |
|---|---|---|
| ৩৮ | সম্পূরক শুল্ক বৃদ্ধিকারী সমন্বয় | • ডেবিট নোট ইস্যুর ক্ষেত্রসহ, কোনো সরবরাহের ক্রয় মূল্য বা পরিমাণ পরিবর্তিত হইলে বা আইনের অন্যান্য বিধান সাপেক্ষে প্রদেয় সম্পূরক শুল্ক এর পরিমাণ বৃদ্ধি পাইলে যে পরিমাণ পরিবর্তিত হইয়াছে তাহার হিসাব (সম্পূরক শুল্কের পরিমাণ) এইখানে উল্লেখ করিতে হইবে। |
| ৩৯ | সম্পূরক শুল্ক হ্রাসকারী সমন্বয় | • ক্রেডিট নোট ইস্যুর ক্ষেত্রসহ, বিক্রয়ের পর সরবরাহের কিছু অংশ ফেরত আসিলে বা সরবরাহের মূল্য পরিবর্তিত হইলে বা আইনের অন্যান্য বিধান সাপেক্ষে প্রদেয় সম্পূরক শুল্কের পরিমাণ হ্রাস পাইলে ঘটনার সহিত সংশ্লিষ্ট সরবরাহের যে পরিমাণ সংশ্লেষ রহিয়াছে তাহার হিসাব (সম্পূরক শুল্কের পরিমাণ) এইখানে উল্লেখ করিতে হইবে। |

"।

০২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**জাকিয়া সুলতানা**
সদস্য (মূসক নীতি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং ২২৪-আইন/২০২২/১৯৬-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ১ এর উপ-বিধি (২) এর—

(ক) দফা (ঘ) এর প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) ও (চ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঙ) যেই ক্ষেত্রে কোনো উৎপাদনকারী এক বা একাধিক স্থান হইতে পণ্য উৎপাদনপূর্বক নিজস্ব মালিকানা বা নিয়ন্ত্রণাধীন বিক্রয় কেন্দ্রের মাধ্যমে তফসিলে উল্লিখিত হ্রাসকৃত হার বা সুনির্দিষ্ট কর বা ১৫ শতাংশ হারে মূসক পরিশোধপূর্বক সরবরাহ করেন, তবে, শর্তযুক্ত প্রজ্ঞাপনের বিপরীতে উৎপাদন পর্যায়ে একটি নির্দিষ্ট হারের অতিরিক্ত মূসক অব্যাহতির ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না;

(চ) যেই ক্ষেত্রে কোনো উৎপাদনকারী এক বা একাধিক স্থান হইতে পণ্য উৎপাদনপূর্বক নিজস্ব মালিকানা ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন বিক্রয়কেন্দ্র বা ডিপো বা ওয়্যারহাউস এর মাধ্যমে প্রযোজ্য মূসক পরিশোধপূর্বক সরবরাহ করেন।";

(২) বিধি ৩ এর—

(ক) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী বা সেবা সরবরাহকারী বা বাণিজ্যিক আমদানিকারক বা ব্যবসায়ীকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত বা অনুমোদিত সফটওয়্যার ভিত্তিক অটোমেটেড পদ্ধতিতে হিসাব-নিকাশ সংরক্ষণ করিতে হইবে।";

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪) ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৪-আইন/২০২২/১৮৭-মূসক জারির পূর্বে কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহকে ৩১ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত বা অনুমোদিত সফটওয়্যার ভিত্তিক অটোমেটেড পদ্ধতিতে হিসাব-নিকাশ সংরক্ষণ করিতে হইবে, অন্যথায় উক্ত প্রতিষ্ঠানের কেন্দ্রীয় নিবন্ধন বাতিল হইবে এবং সংশ্লিষ্ট কমিশনারেট হইতে নূতন নিবন্ধন গ্রহণ করিতে হইবে।"।

০২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**কাজী রেজাউল হাসান**

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং ২২৫-আইন/২০২২/১৯৭-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে ২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৩-আইন/২০২২/১৭৬-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(১) টেবিল-১ (আমদানি পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত—

(ক) শিরনামা সংখ্যা (Heading No.) 27.13 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(খ) শিরোনামা সংখ্যা 30.04 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) "3003.42.00", "3003.43.00", ও "3003.49.90" এর পরিবর্তে যথাক্রমে, H.S. Code "3004.42.00", "3004.43.00", ও "3004.49.90" প্রতিস্থাপিত হইবে;

(গ) শিরনামা সংখ্যা (Heading No.) 32.15 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| "34.02 | 3402.42.10 | Alcohol Ethoxylates (AEO) imported by Industrial IRC holder VAT compliant Sodium Lauryl Ether Sulphate (SLES) manufacturing industries"; |

(ঘ) শিরনামা সংখ্যা (Heading No.) 35.07 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| "38.17 | 3817.00.10 | Linear Alkyl Benzene (LAB) imported by Industrial IRC holder VAT compliant LABSA manufacturing industries"; |

(ঙ) শিরনামা সংখ্যা (Heading No.) 84.21 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| "84.28 | 8428.10.00 | Lifts and skip hoists"; |

(চ) শিরনামা সংখ্যা (Heading No.) 84.71 ও 84.73 এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যাসমূহ (Heading No.) এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| "84.71 | সকল এইচ,এস কোড (8471.30.00 ও 8471.60.10 ব্যতীত) | কম্পিউটার ও ইহার ইউনিটসমূহ এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি (Portable automatic data processing machines, weighing not more than 10 kg, consisting of at least a central processing unit, a keyboard and a display এবং Fingerprint scanner/ Biometric scanner ব্যতীত) |
| 84.73 | 8473.30.00 | Parts and accessories of the machines of heading No. 84.71 "; |

(২) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা (Heading No.) 27.11 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| "27.11 | 2711.12.00<br>2711.13.00 | এলপি গ্যাস (বোতল বা সিলিন্ডারজাতকারীর নিকট বাল্কে বিক্রয়ের ক্ষেত্রে এবং বাল্ক এলপিজি পুনঃবিক্রয়ের লক্ষ্যে প্রথম পর্যায়ের বাল্ক বিক্রয়ের ক্ষেত্রে)"; এবং |

(৩) টেবিল-৫ (ব্যবসায়ী পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 90.18 এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) "9018.32.10" এর পরিবর্তে H.S. Code "9018.32.00" প্রতিস্থাপিত হইবে।

০২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২২৬-আইন/২০২২/১৯৮-মূসক**।—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক-তে প্রদত্ত ক্ষমতাবলে ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/ ২০১৯/৪৩-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০১০ এর সেবার কোড S০১০.২০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ সেবার কোড এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | |
|---|---|
| "S০১০.২০ | **"ভবন নির্মাণ সংস্থা:** |
| | **ব্যাখ্যা**।—"ভবন নির্মাণ সংস্থা" অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোনো উপায়ে প্রাপ্ত ভূমির উপর ভবন নির্মাণপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনোভাবে পণের বিনিময়ে বাণিজ্যিক ভিত্তিতে উক্ত নির্মিত ভবন বিক্রয় অথবা হস্তান্তরকার্যে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং অন্য যে কোনো উপায়ে প্রাপ্ত ভূমির উপর পণের বিনিময়ে ভবন নির্মাণপূর্বক হস্তান্তর বা বিক্রয় বা নির্মিত ভবন বিক্রয় বা হস্তান্তর (পুন:রেজিস্ট্রেশনসহ) কার্যক্রমও ইহার অন্তর্ভুক্ত হইবে।"। |

০২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**জাকিয়া সুলতানা**
সদস্য (মূসক নীতি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২২৭-আইন/২০২২/১৯৯-মূসক**।—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর উপ-বিধি (২) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং-১০. এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| “১০ | S০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা | ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত | ২% | |
| | | | খ) ১৬০১ বর্গফুট হইতে তদূর্ধ্ব | ৪.৫% | |
| | | | গ) যে কোন সাইজের পুনঃ রেজিস্ট্রেশনের ক্ষেত্রে | ২ % | ”; |

(২) বিধি (৪) এর দফা (গ) বিলুপ্ত হইবে।

০২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**জাকিয়া সুলতানা**
সদস্য (মূসক নীতি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২২৮-আইন/২০২২/২০০-মূসক**।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫১-আইন/২০২১/১৪৮-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের- ক্রমিক নং (১৬) এ উল্লিখিত "(ভ্যাকসিন H.S. Code 3002.20.00, 3002.30.00)," বন্ধনী, শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে "(ভ্যাকসিন H.S. Code 3002.41.00, 3002.42.00)," বন্ধনী, শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২২৯-আইন/২০২২/২০১-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 34.02 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 3402.31.00 ও 3402.39.00 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত Linear Alkyl Benzene Sulphonic Acid (LABSA) ও Sodium Lauryl Ether Sulphate (SLES)-কে স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩০-আইন/২০২২/২০২-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক এর টেবিল এর শিরনামা সংখ্যা S০৯৯ এর বিপরীতে সেবার কোড S০৯৯.৪০ এর আওতাধীন মেডিটেশন সেবা সরবরাহের ক্ষেত্রে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ**

**তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।**

**নং-০৯/মূসক/২০২২**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৭খ, তৃতীয় তফসিল এর অনুচ্ছেদ ৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০২২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের- অনুচ্ছেদ ৩ এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) ও (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(গ) আমদানিকৃত পণ্য পাইকারী ব্যবসায়ী কর্তৃক এই আদেশের আওতায় বিক্রয়ের ক্ষেত্রে আমদানিকালে প্রদত্ত আগাম কর (AT) ফেরত গ্রহণ করা যাইবে না; এবং

(ঘ) সংশ্লিষ্ট কমিশনারের অনুমোদনের ভিত্তিতে বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে **“পরিশিষ্ট-খ”** অনুযায়ী পাইকারী ব্যবসায়ী হিসেবে প্রত্যয়ন পত্র গ্রহণ করিতে হইবে।”।

০২। এই আদেশ ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**জাকিয়া সুলতানা**
সদস্য (মূসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd